

এলেন হরিচাঁদ নিকটে, ব্রাহ্মণ বটে,

এলেম হরিচাঁদ নিকটে ॥

৬। আর একজন বলে আমি তো শমন,

মম ত্রাস নাহি যার সার্থক জীবন ।

আর একজন বলে হারাইলি দিশে,

পতিত পাবন এল পাপ আছে কিঁসে ॥

হরিনামের জয়ডঙ্কা বেজেছে সংসারে,

এ দেশে পাতকী নাই রে নিবি তুই কারে ॥

৭। আর একজন ধরে শমনের চুল,

আজিকে শমন তোরে করিব নিস্মূল ।

নিস্মূল করিব, শমনের চুলে ধরে নিস্মূল করিব ॥

৮। যম বলে ওরে ভাই মেরনা আমায়,

কি দোষ করেছি বল হরিভক্তের পায়,

যম বলে যে জন করেছে হরিনাম,

তাহার শ্রীপদে আমার অনন্ত প্রণাম ।

যেই জন পাপ করে সাজা দেই তার উপরে,

চরিত্রে পবিত্র যার চরণ পূজা করি তার ।

হরিভক্ত হয়ে কেন ধরলে মম চুল,

আমি হই হরি পদ ভজনের মূল ।

মম ডরে, সবে হরিনাম করে,

আমি যদি রাজকার্যে না থাকিতাম ভাই,

হরিভক্ত চূর্ণ হ'ত পাপীদের ঠাই ॥